



মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি
পারনান্দুয়ালী, মাগুরা

টেলিফোনঃ - ০৪৮৮-৬২৭৪৪
মোবাইলঃ - ০১৭৬৯৪০০০৪৬
ই-মেইল - magurapbs_gm@yahoo.com



স্মারক নং-২৭.১২.৫৫৫৭.৫৫১.০১.০৩৮.২০.৬৮৫৮

তারিখঃ- ৩০ অগ্রহায়ণ ১৪২৭ বাং
১৫/১২/২০২০ ইং

“ লীড ওয়্যার সীল (J-9) সরবরাহের (RFQ) কোটেশন আহবান ”

নিম্নের বর্ণনা অনুযায়ী অত্র পবিসের কাজের স্বার্থে “লীড ওয়্যার সীল(J-9)” সরবরাহের নিমিত্তে মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় পবিস নির্দেশিকা মোতাবেক বাংলাদেশের প্রকৃত ব্যবসায়ী/প্রস্তুতকারী/সরবরাহকারী/ বিক্রেতা প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত (RFQ) কোটেশন আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	দরপত্র নং	বিবরণ	পরিমাণ	একক মূল্য	মোট মূল্য
০১	G-20-21.51.01.004	লীড ওয়্যার সীল (J-9) সীলের বর্ণনাঃ- (১) ওয়্যারসহ লীডটি ভালভাবে গ্যালভানাইজড হতে হবে। (২) ওয়্যারি ডায়ামিটার কমপক্ষে ০.৮মিঃমিঃ হতে হবে। (৩) লীডের পুরুত্ব কমপক্ষে ৫.০০মিঃমিঃ হতে হবে। (৪) লীডের ব্যুতের পরিধি কমপক্ষে ১৩মিঃমিঃ হতে হবে। (৫) প্রতিটি ওয়্যারের দৈর্ঘ্য হাফ লীডসহ ৬ইঞ্চি হতে হবে। (৬) প্রতিটি ওয়্যারে ৬টি স্ট্যান্ড থাকতে হবে। (৭) প্রতিটি ওয়্যার ভালভাবে পাকানো ও গ্যালভানাইজড হতে হবে। (৮) ওয়্যারে মরিচা ধরা বা স্ট্যান্ড কাটা গ্রহণযোগ্য হবে না। (৯) প্রতিটি ওয়্যারের শেষ ভাগ ভালভাবে পঁচানো থাকতে হবে। তারের ছড়ানো খেই গ্রহণযোগ্য হবে না।	৬০,০০০টি		
		মোট=			

- ০১। কোটেশনসমূহ আগামী ২২/১২/২০২০ ইং তারিখ বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, খিলক্ষেত, ঢাকা- ১২২৯। (খ) মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, পারনান্দুয়ালী, মাগুরা এ রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহণ করা হবে। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না। প্রাপ্ত দরপত্রসমূহ ঐ দিনই অর্থাৎ ২২/১২/২০২০ ইং তারিখ দুপুর ১২:৩০ ঘটিকার সময় (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (খ) মাগুরা পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০২। দরপত্র দাখিলের সময় দরপত্রের সঙ্গে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর ক্লিয়ারেন্স সনদ(যদি থাকে), মূল্য সংযোজন কর নিবন্ধন সংক্রান্ত দলিলাদি (যদি থাকে), ও ব্যাংক সিলভেন্সী সনদের সত্যায়িত ফোটোকপি সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৩। দরপত্রের খামের উপর স্পষ্টাক্ষরে “ লীড ওয়্যার সীল (J-9) সরবরাহের দরপত্র ” কথাটি উল্লেখ করতে হবে। দরপত্রে কোনরূপ কাটাকুটি বা ঘষামাজা গ্রহণযোগ্য হবে না।
- ০৪। কার্যাদেশ প্রদানের নির্দিষ্ট সময়ের মধ্যে সমস্ত মালামাল নিজ খরচে নিজস্ব পরিবহনের মাধ্যমে সমিতির সদর দপ্তরে পৌঁছাতে হবে।
- ০৫। মালামাল সমিতিতে রক্ষিত নমুনা মোতাবেক হতে হবে।
- ০৬। পবিস নির্দেশিকা মোতাবেক পরিদর্শন কমিটির সন্তোষজনক প্রত্যয়ন সাপেক্ষে বিল পরিশোধ করা হবে।
- ০৭। সরকারী নিয়মানুযায়ী ট্যাক্স কর্তন করা হবে।
- ০৮। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

- ০৯। দরপত্র সঠিকভাবে পূরণ করে প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধিকে দরপত্রে স্বাক্ষর করতে হবে।
- ১০। দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের নির্ধারিত সময়ের কমপক্ষে ৩(তিন)দিন পূর্বে নিম্ন স্বাক্ষরকারী বরাবর লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।
- ১১। নির্ধারিত সময়ের মধ্যে মালামাল সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের মোট মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে সরবরাহকৃত মালের মূল্য হতে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই জরিমানা মোট মূল্যের ১০% এর অধিক হবে না।
- ১২। শর্ত বর্হিভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১৩। উল্লিখিত শর্ত বর্হিভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(রবীন্দ্রনাথ দাস)
 জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-

- ১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ(পঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ২। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার----- পবিস ১/২/৩/৪
- ৩। ডিজিএম(সদর দপ্তর-কারিগরি)/আড়পাড়া জোনাল অফিস/মহম্মদপুর জোনাল অফিস, মাগুরা পবিস।
- ৪। এজিএম অর্থ/পওর(সদর, আড়পাড়া, মহম্মদপুর, শ্রীপুর)/সঃ সেঃ, মাগুরা পবিস।
- ৫। মেসার্স-----
- ৬। নোটিশ বোর্ড, মাগুরা পবিস।
- ৭। অফিস কপি/মাস্টার কপি।